

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.২৬৯

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারী ২০২০ খ্রিস্টাব্দ

জনাব এস.এম নূরুল আলম রেজভী
প্লট-৭২৮-৭৮৮, ব্লক-আই
বসুন্ধরা আ/এ, ঢাকা।
ফোন-০১৯১৪-৩২৯৩৫৩।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ (১) আবেদন নথি নং-১৩৪৫ (বারিধারা), এসই(পিএভিডি)-১৫৯২, তাং-০৭/১১/২০১৯।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৬৩১, তাং-০১/১২/২০১৯।
(৩) আপনার ০১/০১/২০২০ তারিখের আবেদন।
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.১৪২, তাং-২৯/০১/২০২০ ইং।
(৫) ০৫/০২/২০২০ তারিখের পে-অর্ডার নং-২৪৯৭৪৮৫ (ডিবিবিএল), টাকা = ১৪,০৭০/-
(৬) ০৫/০২/২০২০ তারিখের পে-অর্ডার নং-২৪৯৭৪৮৬ (ডিবিবিএল), টাকা = ৯,৩২,৬৭২/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্লট-৭২৮-৭৮৮, ব্লক-আই, বসুন্ধরা আ/এ, ঢাকা স্থাপনার জন্য বিদ্যমান ৩৯৮ কিঃওঃ লোডের অতিরিক্ত ৪০২ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (৩৯৮+৪০২)= ৮০০ (আটশত) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২০ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হ'লোঃ-

শর্তসমূহঃ

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লাস্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (বারিধারা) বরাবর আবেদন করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- Walton RMU হতে Walton Residential Building পর্যন্ত ১১ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল নিজস্ব ব্যবস্থাপনায় সরবরাহ ও লেইং এর কাজ সম্পন্ন করতে হবে এবং পরবর্তীতে এই ক্যাবলের যাবতীয় পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ আপনাদের নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।
- উক্ত ছাড়পত্র মার্চ-২০২০ সাল পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


২৬/২/২০২০

(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- প্রধান প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএভিডি অপারেশন, ইস্ট জোন-১।
- নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (বারিধারা)।
- অফিস কপি।